

**বাংলাদেশ কৃষি ব্যাংক**  
**মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার**

**জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার এর**  
**‘নৈতিকতা কমিটি’র সভার কার্যবিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার এ গঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ১ম সভা মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোহাম্মদ মহসিন এর সভাপতিত্বে ৩০-০৯-২০২১ ইং সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ-

(ক) জনাব মোহাম্মদ শহীদ উল্লাহ, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কক্সবাজার ও সদস্য।

(খ) জনাব পরিতোষ বড়ুয়া, মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুআকা, কক্সবাজার ও সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

(গ) জনাব রাজন দে, সহকারী প্রকৌশলী (সিভিল), বিকেবি, মুআকা, কক্সবাজার ও উপস্থাপনকারী।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দূর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রনয়ন ও বাস্তবায়নের সমন্বয়পযোগী পদক্ষেপ বলে সভাপতি মত প্রকাশ করেন।

(ঘ) সভার শুরুতে উপস্থাপনকারী কর্মকর্তা জনাব রাজন দে সভার আলোচ্যসূচী তুলে ধরেন। যার বিবরণ নিম্নরূপঃ

০১) শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

০২) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ ও করণীয়।

০৩) কম্পিউটারাইজেশনের অগ্রগতি পর্যালোচনা।

০৪) সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে শাখাসমূহে উৎসাহ প্রদান।

০৫) অভিযোগ বাস্তব স্থাপন।

০৬) রকটিন মাসিক শাখা পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন।

০৭) গন শুনার আয়োজন।

৮) বিবিধ।


(ঙ) আলোচ্যসূচী মোতাবেক সকল বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, যার বিবরণ নিম্নরূপঃ

সূচী নং	বিষয়বস্তু	আলোচনার বিবরণ	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	শুদ্ধাচার চর্চার বিষয়ে অধিনস্ত শাখাসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।	অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করা জরুরী। সকল ক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়নের জন্য শাখাসমূহে ব্যাপক প্রচারনা চালাতে হবে এবং কাউন্সিলিং করতে হবে। সকল শাখায় অভিযোগ বাস্তব স্থাপনসহ গনসচেতনতা মূলক পোষ্টার ( যেমনঃ মালিন্ডরিং প্রতিরোধ, জাল টাকা চিহ্নিতকরণ পদ্ধতি, করোনা সচেতনতা, টাকা জমাদিয়ে যথাযথ স্বাক্ষর সম্বলিত রশিদ গ্রহন ইত্যাদি) টাঙ্গাতে হবে। মুখ্য আঞ্চলিক কার্যালয় হতে প্রয়োজনীয় পোষ্টার বা লিফলেট ছাপিয়ে সরবরাহ করবে।	প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ১৪-০৯-২০২১ এর মধ্যে পত্র যোগে অবহিত করতে হবে।	সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০২	বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ	দায়িত্ব পালনকারী কর্মকর্তা সভাকে জানান যে, বর্তমানে কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অমিমাংসিত কোন অভিযোগ মুখ্য আঞ্চলিক কার্যালয়ে নেই বলেও জানান।	যে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণের করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা


০৩	কম্পিউটারাইজে শনের অগ্রগতি পর্যালোচনা।	স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিটি শাখাকে ডিজিটাইজড করার বিষয়ে বিভাগীয় কার্যালয় ও প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা এবং শাখা সমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীরা আধুনিক প্রযুক্তি বিশেষ করে কম্পিউটার পরিচালনায় জীভি/অনীহা দূর করে আন্তরিকতার সাথে স্বউদ্যোগে দক্ষ হতে সচেষ্ট হবেন। ব্যাংকের প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক নির্ধারিত শাখাসমূহের কম্পিউটারাইজেশনের কাজ দ্রুত সম্পাদনের জন্য কাজ চলছে। যে সকল কম্পিউটারাইজ শাখায় জেনারেলের নেই তাদের সাধারণ ব্যাকিং কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত শাখাসমূহে জেনারেলের সরবারহ প্রয়োজন। আঞ্চলিক পর্যায়ে কম্পিউটারসামগ্রি ক্রয়ের জন্য বাজেট সংস্থাপন করায় বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।	(ক) জেনারেলের নেই এমন শাখাসমূহের তালিকা তৈরী করে বিভাগীয় কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং নিয়মিত যোগাযোগ রাখতে হবে। (খ) যে সকল শাখায় কম্পিউটার সামগ্রির ঘাটতি রয়েছে। গুরুত্বের বিবেচনায় তাদেরকে পর্যায়ক্রমে কম্পিউটার সামগ্রির সরবরাহ করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা
০৪	সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী বিষয়ে শাখাসমূহে উৎসাহ প্রদান	অটোমেশনের মাধ্যমে ব্যাংকের সার্বিক কার্যক্রম আরো সহজে করা যায় বা গ্রাহকের সেবা প্রদানে আরো গতিশীল করা যায় এ বিষয়ে সরকারের এটুআই প্রোগ্রামের আওতায় উদ্ভাবনী কার্যক্রমের বিষয়টি চলমান আছে। এ প্রোগ্রামের আওতায় ইতোমধ্যে অনেক নতুন নতুন উদ্ভাবনী পাওয়া গেছে। ফলে দেশের অনেক ক্ষেত্রে সেবার মান বৃদ্ধি ও স্বচ্ছতা নিশ্চিত হয়েছে। ব্যাংকের ক্ষেত্রেও প্রোগ্রামের আওতায় অনেক কিছু করার সুযোগ রয়েছে। অধীনস্থ অনেক শাখায় অনেক দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা রয়েছে। তারাও চেষ্টা করলে নতুন নতুন উদ্ভাবনীর কাজ করতে পারবে।	এ বিষয়ে শাখাসমূহে ব্যাপক প্রচার ও উৎসাহ প্রদান করা হবে।	----
০৫	অভিযোগ বাস্তব স্থাপন	আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম পরিলক্ষিত হলে তা চিহ্নিতকরণের উপায় হিসেবে দৃষ্টিগোচর স্থানে অভিযোগ বাক্স কিছু কিছু শাখায় এখনও স্থাপন করা হয়নি। যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখাকে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে।	যে সকল শাখায় এখনও অভিযোগ বাক্স স্থাপন করা হয়নি, সে সকল শাখার তালিকা করে আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ বাক্স স্থাপনের নির্দেশ প্রদান করতে হবে।	দায়িত্ব পালনকারী কর্মকর্তা
০৬	রুটিন মাফিক শাখা পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন	স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে গুদাচরের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কতৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। গত ০৩ মাসে মুখ্য আঞ্চলিক মহোদয় সকল শাখা একাধিক বার পরিদর্শন করেছেন। ব্যাংকের নির্ধারিত নিয়ম অনুসারে ১৯ টি শাখায় ( প্রতি ত্রৈমাসিকে ০৬ টি শাখা নির্ধারিত) রুটিন মাফিক অর্ধবার্ষিক পরিদর্শন করা সম্পাদন করেছেন। পরিদর্শনকৃত শাখাসমূহের রিপোর্ট তৈরী ও প্রেরণের কাজ চলমান আছে।	সকল শাখা পরিদর্শনের জন্য মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপককে ধন্যবাদ জানানো হয়। পরিদর্শনের এ ধারা অব্যাহত রাখা হবে। যদি কোন পরিদর্শন রিপোর্ট প্রেরণের বাকী থাকে তা আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। যে সকল শাখায় দীর্ঘ দিন ধরে নিরীক্ষা করা হয়নি সেসকল শাখায় আগে নিরীক্ষা করা হবে।	-----
০৭	গন শুনানীর আয়োজন	গুদাচরের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহন। এ ক্ষেত্রে গন শুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল। প্রধান কার্যালয় হতে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গত ২১.০৬.২০২১ তারিখে সকল বিভাগের বিভিন্ন গ্রাহকদের সাথে ভিডিও কনফারেন্স (ভার্চুয়েল মিটিং) এর মাধ্যমে গনশুনানী করেন। বিষয়টি ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং সকলের জন্য অনুকরণীয়। অত্র অঞ্চলে এখনো কোন ধরনের গনশুনানীর আয়োজন করা হয়নি।	আগামী ডিসেম্বর/২০২১ এর মধ্যে শাখায় গমন করে প্রতিটি শাখার অন্তত ০৮/১০ জন গ্রাহকের শুনানী নেয়া হবে।	শাখাসমূহ
০৮	বিবিধ	পরবর্তী মিটিং আয়োজন। ২০২০-২০২১ অর্থবছরে গুদাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা। অত্র সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করা	পরবর্তী মিটিং যথাসময়ে মধ্যে আয়োজন করতে হবে। ২০২০- ২০২১ অর্থবছরে গুদাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে ১ম ত্রৈমাসিকের অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে। অত্র সভার কার্যবিবরণী ওয়েবসাইটে জরুরী ভিত্তিতে আপলোড করতে হবে।	সদস্য-সচিব এবং গুদাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।



সার্বিকভাবে দেশের অর্থনিতির উন্নয়নের স্বার্থে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ প্রনোদনার আওতায় ( এসিডি-০১, এসিডি-০২, এসএমইপিডি-০১) অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণ বৃদ্ধি জোরদার করারসহ প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। সভাপতি মহোদয় সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

  
(রাজন দে) ৩০.৯.২১

শহকারী প্রকৌশলী (সিভিল),  
বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়,  
কক্সবাজার  
ও  
উপস্থাপনকারী

  
(পরিতোষ বড়ুয়া) ৩০/৯/২১

মুখ্য কর্মকর্তা, বিকেবি,  
মুখ্য আঞ্চলিক কার্যালয়,  
কক্সবাজার ও  
সদস্য-সচিব এবং  
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা

  
(মোহাম্মদ শহীদ উল্লাহ) ৩০/৯/২১

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,  
বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা  
কার্যালয়, কক্সবাজার  
ও  
সদস্য

  
(মোহাম্মদ মহসিন) ৩০/৯/২১


মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক  
বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার  
ও  
সভাপতি

নং-মুঃআঃকাঃ(কক্স)/শুদ্ধাচার-০১/২০২১-২০২২/৪৪২

তারিখ : ৩০-০৯-২০২১ খ্রি.

অবগতি ও কার্যক্রমে অনুলিপি :-

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কক্সবাজার।
- ৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, কক্সবাজার মুখ্য আঞ্চল।
- ০৬। বিকেবি, ওয়েব সাইড।

  
(আমানুল হক)  
উর্ধ্বতন কর্মকর্তা